গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.১৬.০০৩.২০১৯-২০১

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৬ / ০৮ সেপ্টেম্বর ২০১৯

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থ-বছরের সংশোধিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ।**

উপযুর্ক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৩.০৯.১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের **স্বাস্থ্য সেবা বিভাগ** কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত সংশোধিত বার্ষিক প্রতিবেদন, পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হল।

**সংযুক্তঃ** ১. Executive Summary ১ (এক) পাতা
২. মতামত ১ (এক) পাতা
৩. উল্লেখযোগ্য কার্যক্রম ৪ (চার) পাতা
৪. বার্ষিক প্রতিবেদন ১০ (দশ) পাতা

(ড. বিলকিস বেগম)
উপসচিব
ফোন-৯৫৪০৩৬২
ই-মেইল:monitor@hsd.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ জনাব মুহাম্মদ আসাদুল হক, উপসচিব (রিপোর্ট) অধিশাখা।

**জ্ঞাতার্থে:**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত -কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

# বার্ষিক কর্মকাণ্ডের প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা : ৭টি
প্রতিবেদনাধীন বছর : ২০১৮-১৯ অর্থবছর
প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ১৭.০৭.২০১৯

(১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (ক) স্বাস্থ্য সেবা বিভাগ | ৩২৪ | ২১৮ (সংযুক্ত ২৩ জন কর্মকর্তা) | ৮৩ | - | - |
| (খ) স্বাস্থ্য অধিদপ্তর | ১০৪৫৩৫ | ৭৩৯৪৩ | ৩০৫৯২ | ২৪১৪৫ | পদ সৃষ্টির কারণে ২০১৮-২০১৯ অর্থ বছরে অনুমোদিত পদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। |
| (গ) ঔষধ প্রশাসন অধিদপ্তর | ৪৯১ | ৩৬৫ | ১২৬ | ৯০ | |
| (ঘ) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) | ১০৪৩ | ৫০৫ | ৫৩৮ | ৬৯১ | |
| (ঙ) নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর | ৩৫৯৫০ | ৩৪০২০ | ১৯৩০ | ১৯১৪৬ | |
| (চ) ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) | ৯৫ | ৫৩ | ৪২ | ১০ | - |
| (ছ) যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো) | ৭৫ | ৪৮ | ২৭ | - | - |
| (জ) স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | ২৯ | ২৪ | ৫ | ১৪ | - |
| **মোট=** | **১৪২৫৪২** | **১০৯১৭৬** | **৩৩৩৪৩** | **৪৪০৯৬** | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয় | অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **নাম** | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **স্বাস্থ্য সেবা বিভাগ** | - | - | ৪৪ | ২০ | ১৯ | - | ৮৩ |
| **স্বাস্থ্য অধিদপ্তর** | - | ৪ | ৫৮৩৫ | ৩২২ | ১৫১৪৬ | ৯২৮৫ | ৩০৫৯২ |
| **ঔষধ প্রশাসন** | - | ১৪ | ৩৭ | ২৭ | ৩৪ | ১৪ | ১২৬ |
| **স্বাস্থ্য প্রকৌশলীর অধিদপ্তর** | - | - | ৮৮ | ৩০৪ | ৬৯ | ৭৭ | ৫৩৮ |
| **নাসিং মিডওয়াইফারি অধিদপ্তর** | - | - | ৩২ | ১৮৭৭ | ২১ | - | ১৯৩০ |
| **নিমিউ অ্যান্ড টিসি** | - | - | ৮ | ৮ | ২০ | ৬ | ৪২ |
| **টেমো** | - | - | - | - | ১৪ | ১৩ | ২৭ |
| **স্বাস্থ্য অর্থনীতি ইউনিট** | - | - | ১ | - | ৪ | - | ৫ |
| **মোট** | - | ১৮ | ৬০৪৫ | ২৫৫৮ | ১৫৩২৭ | ৯৩৯৫ | ৩৩৩৪৩ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা: শূন্য নেই।

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: বড় রকমের কোন সমস্যা নেই।

### ১.৫ অন্যান্য পদের তথ্য

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| প্রযোজ্য নয় | স্বাস্থ্য অথূনীতি ইউনিটের এর GNSP ইউনিটের উন্নয়ন খাতের ১২টি জনবলের পদ |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

### ১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| | প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রনালয়ের নাম | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ০ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| স্বাস্থ্য সেবা | - | - | - | - | ৬০ | ৬০ | ২৮ জন অফিস সহায়ক (৪র্থ শ্রেণি) এবং ০৩ ক্যাটাগরির পদে ৩২ জনকে (৩য় শ্রেণি) নিয়োগ করা হয়েছে। |
| স্বাস্থ্য অধিদপ্তর | ৮৩৭ | ৪৭৮ | ১৩১৫ | ৪৮৮ | ৬১৩ | ১১০১ | ২৪১৬ |
| ঔষধ প্রশাসন | ৬ | - | ৬ | - | ১৬ | ১৬ | - |
| স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | - | - | ৩১ | - | ৩১ | অতি: প্রধান প্রকৌশলী ১টি, সহকারী প্রধান স্থপতি ১টি, সহকারী প্রকৌশলী ৩টি এবং সহকারী পরিচালক ২টি পদে চলতি দায়িত্ব প্রধান করা হয়েছে)+ নতুন ও পুরাতন সৃজনকৃত পদে নিয়োগ প্রদান। ২৯৯৬টি নব সৃষ্ট পদের মধ্যে নিয়োগ প্রদান |
| নার্সিং ও মিডওয়াইফারি | ২৪৯ জন সিনিয়র স্টাফ নার্সকে গত ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ ১ম শ্রেণির বিভিন্ন পদে (সহকারি পরিচালক, নার্সিং) | - | ২৪৯ | সিনিয়র স্টাফ নার্স ৫১০০ জন (২৮ নভেম্বর,২০১৮) মিডওয়াইফ -১১৪৯ জন | - | ৫১০০ জন সিনিয়র স্টাফ নার্স ও ১১৪৯ জন মিডওয়াইফ সহ মোট ৬২৪৯ জন | ২৯৯৬টি নব সৃষ্ট মিডওয়াইফের পদের মধ্যে ১১৪৯ টি পদে নিয়োগ প্রদান |
| নিমিউ অ্যান্ড টিসি | ০১ | - | ০১ | - | - | - | - |
| টেমো | - | - | - | - | - | - | - |
| স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | - | - | - | - | - | - | - |
| মোট | ১০৯৩ | ৪৭৮ | ১৫৭১ | ৫৬১৯ | ৬৮৯ | ৬৩০৮ | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ১৪২ | ১৪১ | ২২ | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | | | | |

## ১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) * | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ৩৫ | ৪১ | ২৬ | |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

## (২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিস্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | স্বাস্থ্য সেবা বিভাগ | ১৮৮ | ৪৪৩.২০ | ৪৩৩ | ২৪৮ | ২৪৮.৭৫ | ৭১৪৮(পূর্বের অডিট আপত্তিসহ) | ৩৫৮৬.০৮ |
| ০২ | স্বাস্থ্য অধিদপ্তর | ৬৯০১ | ২৩০.৮২ | ৮০ | ০ | ০ | ৬৯০১ | ২৩০.৮২ |
| ০৩ | ঔষধ প্রশাসন | - | - | - | - | - | - | - |
| ০৪ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ১৭৬ | ১৩.৯২ | ১৭৬ | ২৪ | ৫.০৬ | ১৫২ | ৮.৮৫ |
| ০৫ | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | ০৫ | .০৯ | ০২ | নাই | .০৯ | ০৫ | .০৯ |
| ০৬ | নিমিউ অ্যান্ড টিসি | ৪৫ | ১০.৯৩ | ৪৫ | - | - | ৪৫(বর্তমান) | ১০.৯৩ |
| ০৭ | যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো) | ১৬৫ | ১.৪৪ | ১৬৫ | ১৪৯ | ১.১৯ | ১৬ | ০.২৪ |
| ০৮ | স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| মোট | | ৭৪৮০ | ৭০০.৪ | ৯০১ | ৪২১ | ২৫৫.০৯ | ১৫০৬৭ | ৩৮৩৭.০১ |

১.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেস সমূহের তালিকা - প্রযোজ্য নয়।

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| মন্ত্রণালয়ের নাম | প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৭-১৮) মন্ত্রণালয়/অধিদপ্তর / সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| স্বাস্থ্য সেবা | ৩৬১ | ৩ | ৪০ | ৩৬ | ৭৯ | ২৮২ |
| স্বাস্থ্য অধিদপ্তর | ৪৬ | - | ২ | ৮ | ১০ | ৩৬ |
| ঔষধ প্রশাসন | ৪ | - | ১ | - | - | ৩ |
| স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | - | - | - | - | - |
| নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | ৩০৯ | ৭১ | ৭০ | ১০৪ | ২৪৫ | ৬৪ |
| নিমিউ অ্যান্ড টিসি | - | - | - | - | - | - |
| টেমো | - | - | - | - | - | - |
| স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | - | - | - | - | - | - |
| মোট | ৭২০ | ৭৪ | ১১৩ | ১৪৮ | ৩৩৪ | ৩৮৫ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| মন্ত্রণালয়ের নাম | সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০ | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| স্বাস্থ্য সেবা | রিট-৩০০ | - | ০৩ | ৩০০ | ৩০০ |
| স্বাস্থ্য অধিদপ্তর | ৩৮ (এটি/এটিটি-২৮টি, দেওয়ানী ১০টি) | ১৩৯ | - | ১৭৭ | ০৯ (রীট ৫টি, এটি ২টি, এবং এএটি ২টি) |
| ঔষধ প্রশাসন | - | ১১ | - | ১১ | ০১ |
| স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - | - | - | - | - |
| নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | - | ৩৬ | - | ৩৬ | ০৫ |
| নিমিউ অ্যান্ড | - | - | - | - | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| টিসি | | | | | |
| টেমো | - | - | - | - | - |
| স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | - | - | - | - | - |
| মোট | ৩৩৮ | ১৮৬ | ৩ | ৫২৪ | ৩১৫ |

**৫) মানবসম্পদ উন্নয়ন**

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| প্রতিষ্ঠানের নাম | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| | ১ | ২ |
| স্বাস্থ্য সেবা বিভাগ | ৪০ | ১৪৯৪ জন |
| স্বাস্থ্য অধিদপ্তর | ৯৭৭ | ৬০০২৮ জন |
| ঔষধ প্রশাসন অধিদপ্তর | ৩০ | ১২৭ জন |
| স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ৩ | ১২৩ জন |
| নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর | ১৩৫ | ৩৮৮১ জন |
| নিমিউ এন্ড টিসি | ১২ | ৪৮০ জন |
| টেমো | ৬ | ৬০ জন |
| স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | ২৫ | ১০২৫ জন |
| মোট | ১২২৮ | ৬৭২১৮ জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-১৯) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

- নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে নথি ব্যবস্থাপনা বিষয়ে ৪৪ জন, টেমোতে ২ দিন ব্যাপী নাগরিক সেবায় উদ্ভাবনী বিষয়ে এবং ৬০ ঘন্টার প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করেছে। এছাড়াও ঔষধ প্রশাসন কর্তৃক ৩৬টি, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ৩টি (ই-টেন্ডার, ই-জিপি, ই-নথি), স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ০৩ (তিন)টি ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না?

অন দ্যজব ট্রেনিং এর ব্যবস্থা আছে। অন-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা নেই।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ৮৭০ (আটশত সত্তর ) জন কর্মকর্তা প্রশিক্ষণের জন্য বিদেশ গমন করেছেন।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| প্রতিষ্ঠানের নাম | দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|---|
| | ১ | ২ |
| স্বাস্থ্য সেবা বিভাগ | ১০ | ২৫০ জন |
| স্বাস্থ্য অধিদপ্তর | ৮৯১ | ৩৭২৩২ জন |
| ঔষধ প্রশাসন অধিদপ্তর | ১৩৮ | ১০,০০০ জন |
| স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ২ | ৬৩ জন |
| নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর | ২৫ | ৭৮৫ জন |
| নিমিউ এন্ড টিসি | ২ | ৩ জন |
| টেমো | - | - |
| স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | ৩২ | ১৭৮৩ জন |
| মোট | ১১০০ | ৫০১১৬ জন |

(৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন

| মন্ত্রণালয়ের নাম | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | কর্মকর্তা | কর্মচারি |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| স্বাস্থ্য সেবা বিভাগ | ১২৫ | আছে | আছে | আছে | ৫৩ | ৪৬ |
| স্বাস্থ্য অধিদপ্তর | ৩৯৪০২ (ডেস্কটপ ৫৭০২, ল্যাপটপ ১৪০০০, ট্যাব- ১৯৭০০) | আছে | আছে | আছে | - | ৭৪০০(দীর্ঘ মেয়াদী) ৩০৮০০ (স্বল্প মেয়াদী) |
| ঔষধ প্রশাসন অধিদপ্তর | ১২৮ | আছে | আছে | নাই | ৯৭ | ৭৩ |
| স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ১৩০ | আছে | আছে | নাই | ২৯ | - |
| নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর | ৩০ | নাই | নাই | নাই | ৬৩ | ১ |
| নিমিউ এন্ড টিসি | ১৫ | আছে | আছে | নাই | ৬ | ২০ |
| টেমো | ৬ | আছে | আছে | আছে | ৩ | ১ |
| স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | ২৮ | আছে | আছে | - | ১৭ | ১১ |
| এসেনসিয়াল ড্রাগ কো: লি: | ১৯০ | আছে | আছে | নাই | ১৩৫ | ৮০ |
| মোট | ৪০০৫৪ | - | - | - | ৪০৩ | ৩৮৪৩২ |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/উদ্বৃত্ত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ (অর্থ বিভাগের জন্য)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| | | ২০১৮-১৯ | | ২০১৭-১৮ | | হ্রাস(-)/বৃদ্ধির (+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিনিউ | | | | | | |
| | নন-ট্যাক্স রেভিনিউ | স্বাস্থ্য সেবা বিভাগ- ৩৩৫.৩১ | ১১৭৮.৩৮ | - | - | ১০০% (২০১৮-১৯) | ৩৫১.৪৩% (২০১৮-১৯) |
| | | ঔষধ প্রশাসন অধিদপ্তর: ২৫.৯৯ | ২০.৪৪ | ২৫.৬৭ | ১৫.৯৬ | | |
| | | নার্সি ও মিডওয়াইফারি অধিদপ্তর: ৪০.০০ | ৩২.০০ | ২০.০০ | ১৮.০০ | | |
| | | নিমিউ অ্যান্ড টিসি: | ১০.০৭ | | ৬.১৫ | | |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | | - | - | - | - | - | - |
| লভ্যাংশ হিসাবে | | এসেন্সিয়াল ড্রাগ লিঃ | ৫.০০ | - | ৫.০০ | | |

**(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট**

৯.১

- ঢাকা শিশু হাসপাতাল আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের আইন অনুবিভাগের মতামতের জন্য প্রেরণ করা হলে কিছু সংশোধনী দিয়ে ফেরত পাঠনো হয়। পরবর্তীতে উক্ত সংশোধনী সন্নিবেশন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।
- বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি আইন-২০১৮ প্রণয়নের লক্ষ্যে তুলনামুলক বিবরণী প্রস্তুতের কাজ চলছে। তুলনামুলক বিবরণীর কাজ সম্পন্ন হলে আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের আইন অনুবিভাগের মতামতের জন্য প্রেরণ করা হবে।
- সংক্রামক রোগ প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল আইন-২০১৮ আইনটি জাতীয় সংসদ কর্তৃক পাশের পর বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে
- আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র বাংলাদেশ আইন,২০১৮ এর খসড়া সার্বিকভাবে পর্যালোচনা করে চূড়ান্ত অনুমোদনের লক্ষে পুনরায় ভেটিং করে দেয়ার জন্য গত ১৭.০৫.২০১৮ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে নথি প্রেরণ করা হয়েছে।
- জাতীয় কলেরা পরিকল্পনা ২০১৯-২০৩০ এর অনুমোদনের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।
- প্রসবজনিত ফিস্টুলা সংক্রান্ত জাতীয় কৌশলপত্র (২০১৭-২০২২) অনুমোদন;
- জাতীয় মাতৃস্বাস্থ্য কৌশল (২০১৫-২০৩০)অনুমোদন;
- মানসিক স্বাস্থ্য নীতির চুড়ান্ত অনুমোদনের নিমিত্ত এর খসড়া ইংরেজী ভার্সনের বাংলা অনুবাদ প্রক্রিয়াধীন;
- পানিতে ডুবা প্রতিরোধ ও নিয়ন্ত্রণে জাতীয় কৌশলের খসড়া চূড়ান্তকরণের প্রক্রিয়া গ্রহণ;

৯.২ প্রতিবেদনাধীন অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি:

১. স্বাস্থ্য সেবা বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম:

২০১৮-২০১৯ অর্থবছরে স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক পদে ১৪জন, উপ-পরিচালক পদে ১৩৬জন, অধ্যাপক পদে ১১৭জন, সহকারী অধ্যাপক পদে ৮৯৬জনকে পদোন্নতি দেয়া হয়েছে। ৩৬তম এবং ৩৭তম বিসিএস পরীক্ষার মাধ্যমে বিসিএস স্বাস্থ্য ক্যাডারে যথাক্রমে ১৮১জন ও ৩০৮জন চিকিৎসক নিয়োগ দেয়া হয়েছে। অধিকন্তু ৩৯তম বিশেষ বিসিএস পরীক্ষার মাধ্যমে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে ৪,৭৯২জন চিকিৎসককে নিয়োগ প্রদানের সুপারিশ করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২০১৬ এবং ২০১৮ সালে দুই দফায় যথাক্রমে ৯৫৯৮জন ও ৫০৯২জনসহ মোট ১৪৬৯০জন সিনিয়র স্টাফ নার্স নিয়োগ প্রদান করা হয়েছে। ২০১৮-২০১৯ অর্থ বছরে ৩৫৪জন চিকিৎসক পিআরএল-এ গমন করেছেন। একই সময়ে ১১জন চিকিৎসক কর্মকর্তা স্বেচ্ছায় অবসর গ্রহণ করেছেন এবং ১২ জন চিকিৎসক কর্মকর্তাকে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে। বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসে ১,৩২৫জন চিকিৎসক কর্মকর্তার চাকুরী স্থায়ীকরণ করা হয়েছে।



চিত্র: মাননীয় প্রধানমন্ত্রী ২৭ জানুয়ারি ২০১৯ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে দিকনির্দেশনা দিচ্ছেন

১. স্বাস্থ্য সেবা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২০১৬ ও ২০১৮ সালে দুই দফায় ৯৫৯৮ জন ও ৫০৯২ জনসহ মোট ১৪৬৯০ জন সিনিয়র স্টাফ নার্স নিয়োগ করা হয়। ২য় শ্রেণিধারী ২৪৯ জন নার্সিং কর্মকর্তাকে ১ম শ্রেনির বিভিন্ন পদে পদোন্নতি প্রদান করা হয়;
২. গত অর্থবছরের ৮৭০ জন কর্মচারীকে কর্মদক্ষতা উন্নয়নের জন্য বিদেশে প্রশিক্ষণে প্রেরণ করা হয়।
৩. দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা ২০১৬-২০২৫ বাস্তবায়নের জন্য আন্তঃমন্ত্রণালয় আলোচনাসহ উন্নয়ন সহযোগীদের সঙ্গে কার্যকর সংলাপ অব্যাহত রয়েছে এবং বাস্তবায়নের জন্য সকল মন্ত্রণালয়ের APA-তে অন্তর্ভূক্তির জন্য কেবিনেট ডিভিশনে D.O. লেটার প্রেরণ এবং প্রকল্পের DPP-তে পুষ্টি উন্নয়নের ভূমিকা সম্পর্কিত নতুন অনুচ্ছেদ (প্রযোজ্য ক্ষেত্রে) সংযোজনের জন্য সচিব, পরিকল্পনা বিভাগে D.O. লেটার প্রেরণ করা হয়।


চিত্র: মাননীয় প্রধানমন্ত্রী তনয়া সায়মা ওয়াজেদ পুতুল ২০১৯ সালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পরিদর্শনকালে মন্ত্রী মহোদয় স্বাগত জানাচ্ছেন

৪. দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনা জাতীয় পর্যায়সহ ৫৩টি জেলায় ডিসেমিনেশন করা হয়।

৫. প্রথমবারেরমত জাতীয় পর্যায় থেকে মাঠ পর্যায় পর্যন্ত জাতীয় পুষ্টি সপ্তাহ জাকজমকভাবে পালিত হয়।

৬. আইসিসি সভা কর্তৃক Renewal request for GAVI supported vaccine for ২০২০ অনুমোদিত হয় এবং সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এবং সচিব, ফিন্যান্স বিভাগ মহোদয়গণের যৌথ স্বাক্ষরে আবেদনপত্র CAVI সচিবালয়ে প্রেরণ করা হয়।

৭. ইপিআই নিয়মিত টিকাদান কার্যক্রমে রোটা-ভ্যাকসিন অন্তর্ভুক্তির বিষয়টি পুনঃনিরীক্ষণ ও পর্যালোচনাপূর্বক পরামর্শ প্রদানের জন্য চিকিৎসা গবেষক ও জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি এক্সপার্ট রিভিউ কমিটি গঠন করা হয়।

৮. প্রসবজনিত ফিস্টুলা সংক্রান্ত জাতীয় কৌশলপত্র (২০১৭-২২) অনুমোদন করা হয়।

৯. জাতীয় মাতৃস্বাস্থ্য কৌশল (২০১৫-৩০)অনুমোদন করা হয়।

১০. National Immunization Technical Advisory Group (NITAG) কমিটি গঠন করা হয়।

১১. ন্যাশনাল ইনস্টিটিউট অব মেডিকেল বায়োটেকনোলজি স্থাপনে প্রক্রিয়া গ্রহণ করা হয়।

১২. স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ে জনসচেতনা বৃদ্ধির নিমিত্ত Comprehensive SBCC Strategy ২০১৬ বাস্তবায়নের জন্য বিস্তারিত কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়।

১৩. ইলেক্ট্রনিক, প্রিন্ট এবং অন্যান্য অনলাইন মিডিয়া বা প্রচলিত পদ্ধতিতে জনস্বার্থে স্বাস্থ্য শিক্ষা উপকরণ প্রচারের নিমিত্ত শতাধিক প্রচার সামগ্রী (IEC Materials) জাতীয় কারিগরি কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন করা হয়।

১৪. অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য বহুখাতভিত্তিক কর্মপরিকল্পনা (২০১৮-২০২৫) অনুমোদন করা হয়।

১৫. মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রীর নেতৃত্বে জাতীয় বহুখাতভিত্তিক অসংক্রামক রোগ (নিয়ন্ত্রণ) সমন্বয় কমিটি (NMNCC) গঠন করা হয়।বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে কমিটি গঠন করা হয়।

১৬. মানসিক স্বাস্থ্য নীতির চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত এর খসড়া ইংরেজী ভার্সনের বাংলা অনুবাদ প্রক্রিয়াধীন রয়েছে।

১৭. পানিতে ডুবা প্রতিরোধ ও নিয়ন্ত্রণে জাতীয় কৌশলের খসড়া চূড়ান্তকরণের প্রক্রিয়া গ্রহণ করা হয়।

১৮. WASH (Water, Sanitary and Hygiene) স্ট্র্যাটেজি অনুমোদন করা হয়।

১৯. পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (ppp)-এর আওতায় ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজীতে নতুনভাবে ৪৫ হেমোডায়ালাইসিস মেশিন স্থাপন করা হয়। এর ফলে ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনি ডিজিজেস এন্ড ইউরোলজিতে হাসপাতালে ৫৯টি এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ৩১টি হেমোডায়ালাইসিস মেশিনসহ পিপিপি'র আওতায় সর্বমোট ৯০টি ডায়ালাইসিস মেশিন চালু করা হয়।

২০. দেশের সরকারি ও বেসরকারি হাসপাতালসমূহে civil Registration of Vital Statistics (CRVS) কার্যক্রমে মৃত্যুর সঠিক কারণ নির্ণয়ের পদক্ষেপ গ্রহণ করা হয়। ইতোমধ্যে প্রায় ৫৫টি প্রতিষ্ঠানে Medical Certificate of Cause of DEata (MCCoD) পদ্ধতি চালু করা হয়। পুরণকৃত ৬৫,০০০ MCCoD ফরমের মধ্যে ইতোমধ্যে প্রায় ৫৩,০০০ ফরম DHIS-২ ডাটাবেজ-এ সংরক্ষণ করা হয়। দেশব্যাপী এ কার্যক্রম সম্প্রসারণের প্রক্রিয়া শুরু করা হয়।

২১. ২৪টি প্রতিষ্ঠানের ১ম শ্রেণীর ক্যাডার ৭০৪ জন, ১ম শ্রেণীর নন-ক্যাডার ৮৭ জন, ১ম শ্রেণী মেডি: ব্যতীত ১৪ জন, ১ম শ্রেণী নার্সিং ৪ জন, ২য় শ্রেণী নার্সিং ৩৮৮ জন, ২য় শ্রেণী নন-নার্সিং ২১ জন, ৩য় শ্রেণী মেডি: ১১২ জন, ৩য় শ্রেণী ১৭৪ জন, ৪র্থ শ্রেণী ২৪ জন, আউট সোর্সিং ৫১৯ জন মোট ২০৪৭ জনের পদ সৃজন করা হয়।

২২. জাতীয় পর্যায় স্বাস্থ্য প্রতিষ্ঠান ও হাসপাতাল থেকে শুরু করে কমিউনিটি ক্লিনিক এবং গ্রামীণ স্বাস্থ্য কর্মী পর্যন্ত উপজেলা পর্যায়ে কম্পিউটার, ল্যাপটপ ও টেবলেট কম্পিউটার প্রদান এবং ইন্টারনেট সংযোগ করা হয়।

২৩. স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস শাখায় সমন্বয় কেন্দ্রসহ (১টি) ৯৪টি হাসপাতালে উন্নতমানের টেলিমেডিসিন কার্যক্রম চালু করা হয়।

২৪. সকল বিভাগীয় ও জেলা স্বাস্থ্য ব্যবস্থাপকের কার্যালয়গুলো, সকল জেলা ও মেডিকেল কলেজ হাসপাতাল, সকল মেডিকেল কলেজ, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং স্বাস্থ্য মন্ত্রণালয়কে যুক্ত করে আধুনিক ভিডিও কনফারেন্সিং ব্যবস্থা চালু করা হয়।

২৫. দেশের সকল সরকারি হাসপাতাল ও স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহের সেবার মান সম্পর্কে জনগনের অভিযোগ ও পরামর্শ জানা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসএমএস-ভিত্তিক চমৎকার ও উদ্ভাবনামূলক অভিযোগ/পরামর্শ জানানোর ব্যবস্থা প্রবর্তন করা হয়। প্রতিদিন ওয়েব সাইটের মাধ্যমে অভিযোগগুলো দেখা হয় এবং সমাধান দেওয়া হয়।

২৬. হেল্থ সিস্টেম এস্ট্রেন্থদেনিং (এইচএসএস) নামে একটি কর্মসূচির মাধ্যোম হেল্থ মিনিস্টারস পুরস্কার ২০১৮ প্রদান করা হয়েছে।

২৭. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরসহ সকল জেলা ও উপজেলা হাসপাতাল এবং ৪টি বিশেষায়িত হাসপাতাল মিলিয়ে মোট ৫০৪টি প্রতিষ্ঠানে আঙ্গুলের ছাপ সনাক্তকারী রিমোট ইলেক্ট্রনিক অফিস এটেনডেন্স সিস্টেম চালু করা হয়।

২৮. জনস্বাস্থ্য বিষয়ক তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য ডিএইচআইএস২ (DHIS২) সফটওয়্যার ব্যবহার করে বিশ্বের সর্ববৃহৎ স্বাস্থ্য তথ্য নেটওয়ার্ক তৈরি করা হয়। রুটিন হেলথ ইনফরমেশন সংগ্রহের জন্য স্বাস্থ্য অধিপ্তর DHIS২ সফটওয়্যারটি ব্যবহার করে। পৃথিবীর ৬৩টি দেশে এ সফটওয়্যারটি ব্যবহার করা হয়। সফটওয়্যারটি বাস্তবায়নের দিক থেকে বাংলাদেশ সর্ববৃহৎ।

২৯. কমিউনিকেবল ডিজেজ কন্ট্রোল ম্যালেরিয়া ও এটিডি নিয়ন্ত্রণ প্রোগ্রামের আওতায়, কীটনাশকযুক্ত মশারী বিতরণ বিতরন সম্পন্ন হয় ৯,৯৮,০২৪টি।

৩০. ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গুর বাহক মশার উপর সার্ভে সম্পন্ন হয়; ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টিতে ০৫টি উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত করা হয়।

৩১. ফাইলেরিয়াসিস এন্ড এসটিএইচ কন্ট্রোল এন্ড লিটিল ডক্টর প্রোগ্রাম কর্মসূচির আওতায় কমিউনিটি বেইজড মরবিডিটি ম্যানেজমেন্ট এন্ড ডিজাবিলিটি প্রিভেনশন সার্ভিস; কৃমির গণঔষধ সেবন সংক্রান্ত এ্যাডভোকেসী ওরিয়েনটেশন এন্ড সুপারভিশন;কৃমির প্রাদুর্ভাব সম্পর্কিত জরিপ; ক্ষুদে ডাক্তার ও কার্যক্রম সংক্রান্ত স্বাস্থ্য পরীক্ষা ও সুপারভিশন; কক্সবাজারে বসবাসরত জোরপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের মধ্যে জীবানু সনাক্ত করা হয়।

৩২. জাতীয় কালাজ্বর নির্মূল কর্মসূচির আওতায় ২০টি উপজেলায় ৪৫টি ক্যাম্পেইনের মাধ্যমে কালাজ্বর রোগী চিহ্নিত এবং ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৩৩. উপজেলা পর্যায়ে (মোট ৪০টি উপজেলা) বাড়ী বাড়ী পরিদর্শনের মাধ্যমে Indoor Residual Spraying(IRS) করা হয়;

৩৪. জনগনের মধ্যে কালাজ্বর রোগের উপর সচেতনতা সৃষ্টির জন্য leaflet, poster and sticker বিতরণ করা হয়।

৩৫. এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কনটেইনমেন্ট, ভাইরাল হেপাটাইটিস ও ডায়রিয়ানির্মূল কর্মসূচির আওতায় ২০১৮-১৯ সালে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ে ভাইরাল হেপাটাইটিস-এর উপর ট্রেনিং মডিউলের আলোকে এক হাজারের অধিক চিকিৎসকদের প্রশিক্ষণ প্রদান করা হয়;

৩৬. বাংলাদেশের ৫৬টি সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজে বিশ্ব এন্টিবায়োটিক সপ্তাহ উদযাপনের মাধ্যমে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়;

৩৭. ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর মধ্যে বিনামূল্যে হেপাটাইটিস বি ও হেপাটাইটিস সি-এর স্ক্রীনিং ও হেপাটাইটিস বি ভ্যাকসিন প্রদান করা হয়। হেপাটাইটিস সি রোগীদের ঔষধ সরবরাহ করা হয়;

৩৮. জাতীয় কলেরা নিয়ন্ত্রণ ও প্রতিরোধে কর্মপরিকল্পনা ও কর্মকৌশলের ড্রাফট তৈরি করা হয়।

৩৯. ৩৭৯০ জন চিকিৎসক, নার্স ও সংশ্লিষ্ট ভ্যাকসিন সংগ্রাহককে জলাতঙ্ক প্রতিরোধে প্রাণির কামড়ে চিকিৎসাসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হয়;

৪০. বিনামূল্যে ২,৮১,০১২ ভায়াল Inj: ARV সরবরাহ ও ৩,৬৫,২৭৫ জনকে প্রাণির কামড়ের চিকিৎসা প্রদান করা হয়; জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ১৬,৫৭৩ জন জনপ্রতিনিধিসহ অন্যান্যদরে মধ্যে জনসচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করা হয়;

৪১. ৬,৭৮,০০৪টি কুকুরকে জলাতঙ্ক প্রতিরোধী ভ্যাকসিন প্রদান করা হয় এবং দেশের প্রায় ১ লক্ষ প্রাথমিক বিদ্যালয়ে জলাতঙ্ক সচেতনতা মূলক বার্তা র‌্যালী/সমাবেশ আয়োজন করা হয়।

৪২. কক্সবাজার ও বান্দরবান জেলার অবস্থিত বিভিন্ন বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের স্বাস্থ্যসেবা টিমে কাজ করার জন্য উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (ঝঅঈগঙ)-দের একদিনের ওরিয়েন্টেশন ৩টি ব্যাচের মোট ৫০ জনকে ট্রেনিং দেওয়া হয়।

৪৩. ২০১৯ সালের হজ্জ যাত্রীদের মেডিকেল ই-হেলথ প্রোফাইল ডাটা এন্ট্রির জন্য সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান করা হয়।

৪৪. কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় নিবন্ধিত ও অনিবন্ধিত মায়ানমার জনগোষ্ঠীর জন্য OCV টিকাদান ক্যাম্পেইন কার্যক্রম সম্পন্ন হয়।

৪৫. ইপিআই কর্মপরিকল্পনা ২০১৯ প্রণয়ন করা হয়।

৪৬. ১৫-৪৯ বছর বয়সের সকল সন্তান ধারণক্ষম মহিলাদের ৫ ডোজ টিটি টিকার পরিবর্তে টিডি (টিটেনাস-ডিপথেরিয়া) টিকা চালু করা হয়।

৪৭. শিশু জন্মগ্রহনের পর অনলাইনে ই-ট্র্যাকারের মাধ্যমে শিশু রেজিস্ট্রেশন করার জন্য মৌলভীবাজার জেলা, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন অঞ্চল ৫-এ পাইলটিং করা হয়। রাজশাহী সিটি করপোরেশনে অনলাইনে শিশু ও মহিলাদের জন্য ই-রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়।

৪৮. ইম্যুনাইজেশন পলিসি, আরবান ইম্যুনাইজেশন স্ট্র্যাটেজি এবং ভ্যাকসিন এ্যাক্ট চূড়ামত্ম করণের প্রক্রিয়ায় রয়েছে।

৪৯. ৮২৫ জন চিকিৎসক ও নার্সদের ক্যাঙ্গারু মাদার কেয়ার (KMC)-এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। ৩৬৮ জন চিকিৎসক এবং নার্সদের ETAT-এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।

৫০. ডিএসএফ কার্যক্রমভুক্ত ৫৩ উপজেলায় জুলাই ২০১৮ থেকে জুন ২০১৯ পর্যন্ত মোট ৮২,০৪৩ জন দরিদ্র গর্ভবতী মহিলাকে ভাউচার প্রদান করা হয়।

৫১. নিরাপদ মাতৃত্ব দিবস ২০১৮ প্রথম বারের মত প্রতিটি কমিউনিটি ক্লিনিকে ইউনিয়ন পরিষদের সদস্যদের নেতৃত্বে স্থানীয় জনগণের উপস্থিতিতে গর্ভবতী মায়েদের নিয়ে মা সমাবেশের আয়োজন করা হয়।

৫২. বর্তমানে দেশে মাতৃমৃত্যু হার ১৭৬ (প্রতি লক্ষ জীবিত জন্মে)। এই হার ২০২২ সালের মধ্যে ১০৫ (প্রতি লক্ষ জীবিত জন্মে)-এ নামিয়ে আনার জন্য লক্ষ্যমাত্রা স্থির করা হয় (এসডিজির লক্ষ্যমাত্রা অনুযায়ী)।

৫৩. দেশের ২৩টি স্কুল হেলথ ক্লিনিকের মাধ্যমে ১১,৩৬৮ জন ছাত্র/ছাত্রীর বিভিন্ন রোগের চিকিৎসা প্রদান করানো হয়, ১,২২৯ জন অসুস্থ ছাত্র/ছাত্রীর বিভিন্ন রোগের উন্নত চিকিৎসার জন্য বিভিন্ন হাসপাতালে রেফার্ড করা হয়, ১৭৩ জন অসুস্থ ছাত্র/ছাত্রীকে উন্নত চিকিৎসার জন্য বিভিন্ন হাসপাতালে রেফার্ড করা হয় এবং বিভিন্ন স্কুলে ৭০০টি স্বাস্থ্য শিক্ষামূলক সেশন সম্পন্ন করা হয়।

৫৪. জনসচেতনতা বৃদ্ধি বিষয়ক কার্যক্রমের অংশ হিসেবে এ্যাডভোকেসী/ওয়ার্কশপ/ওরিয়েন্টেশনের আওতায় স্বাস্থ্যসম্মত জীবন যাপন ও পরিবেশের প্রভাব ১৫০টি; অসংক্রামক রোগ প্রতিরোধ ৯৪টি; জরায়ু মুখ ও স্তন ক্যান্সার-৭২টি; স্কুল হেলথ ওরিয়েন্টেশন ৪০টি; ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা ও স্যানিটেশন ১৫৭টি; নিপাহ ভাইরাস প্রতিরোধে করণীয় -১০টি; কিশোর-কিশোরী স্বাস্থ্য ৩৭টি; নিরাপদ খাদ্য ৭১টি; ধুমপান প্রতিরোধ ১২টির আয়োজন করা হয়।

৫৫. ২০১৮-১৯ অর্থবছরে দেশব্যাপী নিবিড় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে ০৬টি সার্ভিস প্যাকেজ বাস্তবায়ন করা হয়।

৫৬. 'USAID'-এর সাহায্যপুষ্ট উজ্জীবন প্রকল্পের সহযোগিতায় স্বাস্থ্য শিক্ষা ও উন্নয়ন বিষয়ক আন্ত:ব্যক্তিক যোগাযোগর উপর ০৩ দিনের একটি প্রশিক্ষক প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে জেলার সিনিয়র ও জুনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসারদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেওয়া হয়। কেন্দ্রীয় ও বিভাগীয় পর্যায়ে (চট্টগ্রাম ও সিলেট ডিভিশন)-এর সিনিয়র/জুনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তাদের ই-লার্নিং কোর্স সম্পন্ন করা হয়।

৫৭. বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়তায় বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন করা হয়। ইউনিসেফের সহায়তায় ১৩টি জেলায় WASH প্রোগাম বাস্তবায়ন করা হয়।

৫৮. স্বাস্থ্য সেবা সপ্তাহ ২০১৯ (১৬-২০ এপ্রিল) পালন করা হয়।

৫৯. বিশ্ব স্বাস্থ্য দিবস ১৯, বিশ্ব অটিজম দিবস, নিরাপদ মাতৃত্বদিবস, বিশ্ব তামাকমুক্ত দিবস, বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে পত্র-পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ ও বিজ্ঞাপন প্রচার ও ব্যানার, ফেস্টুন প্রস্তুত ও বিতরণ করা হয়।

৬০. ডেঙ্গু ও চিকুনগুনিয়া, বন্যা, হৃদরোগ, স্ট্রোক, ক্যান্সার, ডায়াবেটিস, বজ্রপাত, উচ্চরক্তচাপ, পানিতে ডোবা, নিপাহসহ জরায়ুর মুখ ক্যান্সারসহ অন্যান্য সংক্রামক ও অসংক্রামক রোগ বিষয়ক স্বাস্থ্য বার্তা ব্যাপক প্রচারের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় প্রায় ১,০০০টি সচিত্র বিজ্ঞাপন প্রকাশ করা হয়।

৬১. অসংক্রামক রোগ প্রতিরোধ বিষয়ে ০৮টি ডিভিশনে ১৬০টি ড্রামা শো, দেশের বিভিন্ন গ্রাম পর্যায়ে ৮০টি কালচারাল শো করা হয়।

৬২. কিশোর-কিশোরী স্বাস্থ্য ও অসংক্রামক রোগ প্রতিরোধ বিষয়ক ৩,০০০ ফ্লিপ চার্ট প্রস্তুত ও জেলা পর্যায়ে বিতরণ করা হয়।

৬৩. শিল্প এলকায় পেশাগত স্বাস্থ্য ঝুকি বিষয়ক স্বাস্থ্য বার্তা সম্বলিত ২০টি বাস ব্রান্ডিং-এর কাজ করা হয়।

৬৪. ৬৪টি উপজেলা হেলথ কমপ্লেক্সের বাহিরে ও ভিতরে অসংক্রামক রোগ বিষয়ক ৭৪০টি ডিজিটাল ওয়াল রাইটিং স্থাপন করা হয়।

৬৫. ১৭ মার্চ জাতীয় শিশু দিবস ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী উদযাপন করা হয়।

৬৬. ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষ্যে লং ব্যানার, ফেস্টুন ও স্টীকার মুদ্রণ ও বিতরণ করা হয়।

৬৭. ২০১৮-১৯ অর্থবছরে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ৬,৫৩৯টি নতুন ড্রাগ লাইসেন্স প্রদান করা হয়। বাংলাদেশের ফার্মেসি ব্যবস্থাপনাকে উন্নত করার লক্ষ্যে বর্তমানে শুধুমাত্র মডেল ফার্মেসি ও মডেল মেডিসিন শপের অনুকূলে ড্রাগ

লাইসেন্স প্রদান করা হচ্ছে। ড্রাগ লাইসেন্সবিহীন ২৭,৮১১টি ফার্মেসির মধ্যে ১৬১টি মডেল ফার্মেসির অনুকূলে এবং ১৫,৮৮৬টি মডেল মেডিসিন শপের অনুকূলে ড্রাগ লাইসেন্স প্রদান করা হয়।

৬৮. ড্রাগ লাইসেন্সবিহীন ১২টি ফার্মেসি সিলগালা করা হয়, ৭২৩টি ফার্মেসি বন্ধ করা হয়, ১,১০৭টি ফার্মেসির বিরুদ্ধে মোবাইল কোর্টে মামলা দায়ের করা হয় এবং ৭১টি ফার্মেসির বিরুদ্ধে ম্যাজিস্ট্রেট কোর্টে মামলা দায়ের করা হয়।

৬৯. ৭৭,৪১৮টি ড্রাগ লাইসেন্স নবায়ন করা হয়, ৩,৩০৪টি নতুনা ড্রাগ টেস্টিং ল্যাবে (ডিটিএল ও সিডিটিএল) টেস্টের জন্য প্রেরণ করা হয়, ২,৮৪৪টি টেস্ট রিপোর্ট ড্রাগ টেস্টিং ল্যাব (ডিটিএল ও সিডিটিএল) হতে প্রেরণ করা হয়, ১০৬টি ঔষধ ড্রাগ টেস্টিং ল্যাব কর্তৃক মানবহির্ভূত ঘোষণা করা হয়। উক্ত অর্থবছরে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ড্রাগ কোর্টে ৪টি, ম্যাজিস্ট্রেট কোর্টে ৪০টি এবং মোবাইল কোর্টে ১,৮৫২টি মমলা দায়ের করা হয় এবং মোবাইল কোর্ট কর্তৃক জরিমানা আদায় করা হয় ৩৬,৬২৫,৪৩৯ টাকা এবং ৪২ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান এবং ৩৫টি প্রতিষ্ঠান সিলগালা করা হয়। এ ছাড়া ৫৯,৮৫৬টি ঔষধের দোকান, ১,৩৪০টি ঔষধ প্রস্তুতকারী কারখানা পরিদর্শন করা হয়। নকল, ভেজাল, আনরেজিস্টার্ড, সরকারি ঔষধ, মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয় বিতরণ প্রতিরোধে দেশব্যাপী ১২৬টি সচেতনতামূলক সভা করা হয়।

৭০. নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের আওতায় জাতীয় সেবা সপ্তাহ পালন ২০১৯ সম্পন্ন; ২০০৩ সালে যোগদানকৃত স্টাফ নার্সদের সিলেকশন গ্রেড প্রদান; অনলাইন সেবা চালু করণ; বদলি নীতিমালা প্রণয়ন; প্রশিক্ষণ নীতিমালা/শর্তাবলী প্রণয়ণ; প্রশিক্ষণ ম্যানুয়াল প্রণয়ন করা হয়;



চিত্র: জাতীয় স্বাস্থ্যসেবা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের স্টল পরিদর্শন করছেন মাননীয় প্রধানমন্ত্রী

৭১. স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন নিমিউ এন্ড টিসি কর্তৃক ১,০০৮টি মেডিকেল যন্ত্রপাতি মেরামত করা হয়।

৭২. Patient Awareness of Rational Use of Antibiotic and Its Resistance in Bangladesh শীর্ষক গবেষণা করা হয়। উক্ত গবেষণার ফলাফল নীতি নির্ধারকদের (Policy Makers) Antibiotic ব্যবহার এবং এই Resistance-এর বিষয় চলমান নির্দেশিকা পরিমার্জন (Revise) করতে সহায়তা করবে।

৭৩. Safety of Medical Device শীর্ষক গবেষণা করা হয়। উক্ত গবেষণার ফলাফল দেশে মেডিকেল ডিভাইসের বিক্রয়, ব্যবহার ও বিক্রয়োত্তর সেবা বিষয়ে নীতি তৈরি করতে সহায়তা করবে।

৭৪. ২০১৮-১৯ অর্থবছরে জেন্ডার, এনজিও এন্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন (জিএনএসপি) ইউনিট কর্তৃক নিম্নোক্ত ৩টি স্টাডি সম্পন্ন হয়:

৭৫. Equity in Health with Special Focus on Gender Inequalities in Bangladesh- শীর্ষক গবেষণাটি পরিচালিত হয়। প্রান্তিক ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য বিদ্যমান চ্যালেঞ্জসমূহ সনাক্তকরণ, স্বাস্থ্যসেবায় জেন্ডার ভিত্তিক সাম্য প্রতিষ্ঠায় বাধাসমূহ নিরুপন ও এর প্রতিকারে দিক নির্দেশনা প্রণয়নের উদ্দেশ্যে গবেষণাটি পরিচালিত হয়।

৭৬. Situation Analysis: Health Care and Protection Services GBV Survivors among the Rohingya Community in Cox's Bazar: মানবিক বিপর্যয়ের ক্ষেত্রে জেন্ডার জনিত সহিংসতায় সার্ভাইভারদের স্বাস্থ্য ও মাল্টি-সেক্টরাল সেবাসমূহের চ্যালেঞ্জসমূহ বিবেচনা করে কার্যকরী সমন্বিত সেবা প্রদানের রূপরেখা প্রনয়ন ও প্রয়োজনীয় সুপারিশমালা প্রস্তুতি এই গবেষণার উদ্দেশ্য।

৭৭. Gender Analysis of Curricula of Medical Education: সেবা প্রদানের ক্ষেত্রে জেন্ডার সাম্য নিশ্চিত করতে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জেন্ডার সংবেদনশীল করার চিকিৎসা শিক্ষার পাঠ্যক্রমের জেন্ডার মূলধারাকরণের রূপরেখা প্রণয়নের লক্ষ্যে এই গবেষণাটি পরিচালিত হয়।

৭৮. Health Care Financing Strategy ২০১২-২০৩২-এর অধীনে সার্বজনীন স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে প্রাথমিকভাবে দারিদ্রসীমার নিচে বসবাসকারী (BPL) পরিবারসমূহকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে টাংগাইল জেলার কালিহাতী, মধুপুর ও ঘাটাইল উপজেলায় স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (Shasthyo Suraksha Karmasuchi: SSK) প্রকল্পে এ পর্যন্ত ৮১,৬১৫টি দরিদ্র পরিবারকে স্বাস্থ্য কার্ডের আওতায় আনা হয়। টাঙ্গাইল জেলার অবশিষ্ট ৮টি উপজেলায় সম্প্রসারণের লক্ষ্যে Scheme Operator নিয়োগের জন্য শর্টলিস্ট করা হয়।

৭৯. SSK Benefit Package-এর আওতায় দারিদ্রসীমার নিচে বসবাসকারী পরিবারের সদস্যদেরকে অন্ত:বিভাগে ভর্তিকৃত ৭৮টি রোগের সেবা প্রদান করা হচ্ছে।

৮০. সরকারি কর্মচারী হাসপাতাল, মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, জাতীয় ENT হাসপাতাল, কুর্মিটোলা জেনারেল হাসপাতালে Quality Improvement (QI) কার্যক্রম সম্প্রসারিত করা হয়।

৮১. মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের জন্য 'Zero Maternal Death Initiative' শীর্ষক একটি মডেল প্রস্তুত করা হয়। মডেলটি মৌলভীবাজার জেলায় পাইলটিং করা হবে। বিভিন্ন স্টেকহোল্ডারদের নিয়ে সভা করে একটি পূর্ণাংগ পরিকল্পনা প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

৮২. ৪র্থ সেক্টর প্রোগ্রামে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে জেন্ডারজনিত সহিংসতায় সার্ভাইভারদের মানসম্মত মেডিক্যাল, মেডিকোলিগ্যাল, সাইকোলজিক্যাল ও রেফারালসেবা নিশ্চিত করতে GNSP ইউনিট স্বাস্থ্য সেবা প্রদানকারীদের জন্য একটি প্রটোকল তৈরি করেছে। Health Sector Response to GBV শীর্ষক এই কার্যক্রমটি বর্তমানে ২টি জেলায় ১৩টি উপজেলায় চলমান। (মৌলভীবাজার, জামালপর)। ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি কাযক্রমে ২০টি জেলায় এই কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

**৯.৩ ২০১৮-১৯ অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি): সমস্যা নেই**

## (১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত

১০.১ **২০১৮-১৯** অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

- উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ : প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ:

ক) কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদের কর্মসম্পাদন ব্যবস্থাপনায় অধিকতর জবাবদিহিতা সৃষ্টি;

খ) তথ্য প্রযুক্তির মাধ্যমে ই-গভর্নেন্স চালুকরণ;

গ) মন্ত্রণালয় কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাকে সম্পৃক্তকরণ ও উদ্বুদ্ধকরণ;

ঘ) মন্ত্রণালয়ের কর্মপরিধি ব্যাপক হওয়ায় নতুন অনুবিভাগ সৃষ্টি ও অধিক সংখ্যক কর্মকর্তার পদায়ন;

ঙ) মন্ত্রণালয়ে স্বাস্থ্য ব্যবস্থাপনা বিষয়ে Thematic Study Circle গঠন এবং মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ে Motivation Leader এর মাধ্যমে কর্মে উদ্বুদ্ধকরণ;

চ) গবেষণালব্ধ ফলাফল এবং মাঠ পর্যায়ের ব্যবহারিক অভিজ্ঞতা নীতি প্রণয়নে যথাযথভাবে সমন্বয় সাধন।

২০১৮-১৯ অর্থবছরে স্বাস্থ্য সেবা বিভাগের প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা হতে ০৯টি বিনিয়োগ ও ০২ টিটিএপ্রকল্পেরএডিপি/আরএডিপি বরাদ্দের পুন: উপযোজনসহ অর্থ ছাড় করা হয়েছে যার প্রেক্ষিতে বাস্তবায়ন অগ্রগতিনিম্নরূপ:

| ক্রমিক নং | প্রতিবেদনাধীন বছরে মোট অপারেশনাল প্ল্যানের নাম | আরএডিপিতে মোট বরাদ্দ (লক্ষ টাকায়) | বরাদ্দের বিপরীতে ও অবমুক্তির বিপরীতে ব্যয়ের শতকরা হার |
|---|---|---|---|
| ১ | ২৫০ শয্যা বিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইনষ্টিটিউট ও হাসপাতাল স্থাপনপ্রকল্প | ১৮৩১.০০ | ০.৪৬%<br>২৬.৯০% |
| ২ | ৫০ শয্যা বিশিষ্ট জাতীয়ক্যান্সারইনষ্টিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায়উন্নীতকরণ প্রকল্প | ২৩৯৮.০০ | ৩৪.০২%<br>৯২.২৫% |
| ৩ | ইষ্টাবলিষ্টমেন্টঅবশেখ লুৎফর রহমান ডেন্টাল কলেজ, গোপালগঞ্জ | ১৮২৮.০০ | ৯৯.৩৬%<br>৯৯.৩৬% |
| ৪ | জামালপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং জামালপুর নার্সিং কলেজ স্থাপন প্রকল্প, জামালপুর | ১২১৪৭.০০ | ৬০.৫১%<br>৭২.৪৪% |
| ৫ | পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প,পটুয়াখালী। | ৪১৬৭.০০ | ৯৬.৩২%<br>৯৬.৩২% |
| ৬ | ন্যাশনাল ইনস্টিটিউট অব ডাইজেস্টিভ ডিজিজেস রিসার্চ এন্ড **হাসপাতাল স্থাপন, ঢাকা** | ৪৭১৭.০০ | ৮৭.৭০%<br>৮৭.৭০% |
| ৭ | "ইস্টাবলিশমেন্ট অব ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেন্স সেন্টার "শেরেবাংলানগর, ঢাকা | ৩৩৯২.০০ | ১১.৪১%<br>১১.৪১% |
| ৮ | সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল, সাতক্ষীরা | ৬০০০.০০ | ৯৯.৮৯%<br>৯৯.৮৯% |
| ৯ | এক্সটেনশন অব শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা | ১৫১২.০০ | ০.০০%<br>০.০০% |
| ১০ | Safe Motherhood Promotion: Operation Reasearch on SafeMother hood and Newborn Survival | ৬৯৫.০০ | ৯৬.৪৩%<br>৯৬.৪৩% |
| ১১ | স্কেলিং আপ এন ইন্টিগ্রেটেড ইন্টারভেনশন প্যাকেজ টু রিডিউস ম্যাটারনাল এন্ড মরটালিটি ইন রুরাল বাংলাদেশ | ১৯১.০০ | ১৩.০৯%<br>৫৩.১৯% |
| ১২ | আই হেলথ প্রোমোশন এন্ড প্রিভেনশন অব ব্লাইন্ডনেস ইন সিলেকটেড এরিয়াস অব বাংলাদেশ | ২৯৯৪.০০ | ৭৬.৪৭%<br>৯০.৬১% |
| ১৩ | এস্টাবলিশমেন্ট অব ৫০০ বেডেড হসপিটাল এন্ড এনসিলারি ভবন ইন যশোর, কক্সবাজার, পাবনা ও আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ এবং জননেতা নূরুল হক আধুনিক হাসপাতাল, নোয়াখালী | ১২৪০.০০ | ১৩.৯৪%<br>৭২.০০% |
| ১৪ | বঙ্গবন্ধুমেডিকেলকলেজ ও হাসপাতাল, সুনামগঞ্জস্থাপন | ২৬৫০.০০ | ০.৮৩%<br>০.৮৩% |

**<u>অপারেশনাল প্ল্যান সমূহের কার্যক্রম</u> :**

২০১৮-২০১৯অর্থবছরে প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা হতে ০৮টি অপারেশনাল প্ল্যানের এডিপি/আরএডিপি বরাদ্দের পুন: উপযোজনসহ অর্থছাড়করা হয়েছে যার প্রেক্ষিতে বাস্তবায়ন অগ্রগতিনিম্নরূপ:

| ক্রমিক নং | প্রতিবেদনাধীনবছরেমোটঅপারেশনাল প্ল্যানেরনাম | আরএডিপিতে মোটবরাদ্দ (লক্ষটাকায়) | বরাদ্দেরবিপরীতে ও অবমুক্তিরবিপরীতেব্যয়েরশতকরাহার |
|---|---|---|---|
| ১ | নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল | ১৭১৯৩.৯০ | ৮৮.৭০%<br>৮৮.৭৫% |
| ২ | এইচআইএস এন্ডই-হেল্থ | ১৬৪৯০.০০ | ৯৯.০৩% |

| | | | |
|---|---|---|---|
| | | | ৯৯.০৩% |
| ৩ | মেটারনাল, নিওনেটাল চাইল্ড এন্ড এডোলসেন্ট হেলথ | ৭৭৩৬৫.০০ | ৯৫.১১%<br>৯৬.০৫% |
| ৪ | ন্যাশনালআইকেয়ার | ২৭৫০.০০ | ৭৭.২০%<br>৭৭.২০% |
| ৫ | প্ল্যানিংমনিটরিং এন্ড রিচার্স | ১৯৪৩.০০ | ৭৪.৪৬%<br>৮৪.০৬% |
| ৬ | অলটারনেটিভ মেডিকেল কেয়ার | ৪২৭১.০০ | ৯৫.২০%<br>৯৫.২০% |
| ৭ | প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট হেলথ সার্ভিসেস', | ২৯৩৬৪.০০ | ১৬.৪৯%<br>১৬.৮৩% |
| ৮ | ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস | ৮৯০০.০০ | ৯৮.২৯%<br>৯৮.২৯% |

২০১৮-১৯ অর্থবছরে প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা হতে ১৬টি উন্নয়ন প্রকল্পের অর্থছাড়, পদসংরক্ষণ ও বিভিন্ন প্রশাসনিক কার্যাদি সম্পন্ন করা হয়েছে। যা নিম্নরূপ:

| ক্রমিক নং | প্রতিবেদনাধীন বছরে মোট অপারেশনাল প্ল্যানের নাম | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | এক্সপানশন এন্ড কোয়ালিটি ইমপ্রুভমেন্ট অব নার্সিং এডুকেশন শীর্ষক প্রকল্প (জেডিসিএফ) | ৬০০.০০ | ৩২৯.৩৪<br>৫৪.৮৯% | |
| ২. | গোপালগঞ্জে এসেনসিয়াল ড্রাগ কোম্পানী লিমিটেড এর তৃতীয় শাখা কারখানা স্থাপন" শীর্ষক প্রকল্প | ২৬৭৪.০০ | ২৬৭১.০০<br>৯৯.৯০% | |
| ৩. | শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনষ্টিটিউট স্থাপন গোপালগঞ্জ শীর্ষক প্রকল্প | ১২৮৮৪.০০ | ১২৭৪৮.২১<br>৯৮.৯৫% | |
| ৪. | এষ্টাবলিশমেন্ট অফ শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ এন্ড হসপিটাল, কিশোরগঞ্জ শীর্ষক প্রকল্প | ৬৬৫৫.০০ | ৪৭৪৮.৩৯<br>৭১.৩৫% | |
| ৫. | এস্টাবলিশম্যান্ট অব ট্রমা সেন্টার এট গোপালগঞ্জ শীর্ষক প্রকল্প | ৬৯.০০ | ৬৮.০২<br>৯৮.৫৮% | |
| ৬. | জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ শীর্ষক প্রকল্প | ৩৭৮০.০০ | ১৯৫২.৩৭<br>৫১.৬৫% | |
| ৭. | ষ্ট্যাবলিশমেন্ট অব ন্যাশনাল ইনষ্টিটিউট অব এডভান্সড প্রাকটিস নার্সেস ইন বাংলাদেশ শীর্ষক প্রকল্প | ৪৫২.০০ | ২৯৮.৩০<br>৬৬.০০% | |
| ৮. | শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্প | ৪৬০৪৮.০০ | ৩৬১৪৪.৭৪<br>৭৮.৪৯% | |
| ৯. | শেখ হাসিনা মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন, টাঙ্গাইল | ২২৬৩৭.০০ | ১৭৪৪৮.০০<br>৭৭.০৮% | |
| ১০. | "শিশু ও মাতৃস্বাস্থ্য এবং স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন" (কম্পোনেন্ট ২: দেশের ৮টি বিভাগীয় মেডিকেল কলেজ ও হাসপাতালের ডায়াগনস্টিক ইমেজিং ব্যবস্থার আধুনিকীকরণ) শীর্ষক প্রকল্পের | ৬৯৫.০০ | ৫৭৩.৭৯<br>৮২.৫৬% | |
| ১১. | কর্ণেল মালেক মেডিকেল কলেজ ও ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন | ২০০৮৯.০০ | ১৮৮২১.০৭<br>৯৩.৬৯% | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ ও ৫০০ শয্যার মেডিকেল কলেজ হাসপাতাল নির্মাণ ও স্থাপন | ৪১৬৮০.০০ | ৩৭৫১৪.৭১<br>৯০.০১% | |
| ১৩. | কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন শীর্ষক প্রকল্প, কুষ্টিয়া প্রকল্প | ৯৯৪২.০০ | ৫৮৯২.৯০<br>৫৯.২৭% | |
| ১৪. | Establishment of Nursing Institute at Pabna শীর্ষক প্রকল্প | ১৭৩.০০ | ১৪৩.৩৬<br>৮২.৮৭% | |
| ১৫. | এক্সপানশন অব ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সস এন্ড হসপিটাল | ৩১৪৪.০০ | ৩০৯৩.২১<br>৯৮.৩৮% | |
| ১৬. | Establishment of Universal Nursing Institute" শীর্ষক প্রকল্প | ৯৮৭.০০ | ১৪০.০০<br>১৪.১৮% | |

**<u>অপারেশনাল প্ল্যান সমূহের কার্যক্রম</u> :**

২০১৮-১৯ অর্থবছরে প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা হতে ১১টি অপারেশনাল প্ল্যানের অর্থছাড়, পদসংরক্ষণ ও বিভিন্ন প্রশাসনিক কার্যাদি সম্পন্ন করা হয়েছে। যা নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রতিবেদনাধীন বছরে মোট অপারেশনাল প্ল্যানের নাম | প্রতিবেদনাধীন বছরে সংশোধিত এডিপিতে মোট বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | Physical Facilities Development (PFD) | ২২০৭৯৫.০০ | ২১৫২৩৮.৪৬<br>৯৭.৪৮% | |
| ২. | Health Economics and Financing (HEF) | ১৭০০.০০ | ১১৭৬.৩৮<br>৬৯.৬১% | |
| ৩. | Improved Financial Management (IMF) | ৪১৭.০০ | ২৯৯.৩৬<br>৭১.৭৯% | |
| ৪. | Human Resource Development (HRD) | ৪৭০.০০ | ১৩০.৭১<br>২৭.৮১% | |
| ৫. | Sector-wide Program Management and Monitoring (SWPMM) | ৩৬৩.০০ | ২২৪.৫৩<br>৬১.৮৫% | |
| ৬. | Strengthening of Drug Administration and Management (SDM) | ৯৩৫.০০ | ৯০১.৫৪<br>৯৬.৪২% | |
| ৭. | Community Based Health Care (CBHC) | ৯৮৯২৩.০০ | ৯৫৫২৩.৪৫<br>৯৬.৫৬% | |
| ৮. | Lifestyle, Health Education and Promotion (LHEP) | ২৮৪৯.০০ | ২৬৩৮.৯২<br>৯২.৬৩% | |
| ৯. | Tuberculosis-Leprosy and AIDS STD Programme (TB-L & ASP) | ২৩৩২৩.০০ | ২১৩০৬.৫৫<br>৯১.৩৫% | |
| ১০. | হসপিটাল সার্ভিভেস ম্যানেজমেন্ট | ৭৮০৭২.০০ | ৭২২৫৯.১৮<br>৯২.৭২% | |
| ১১. | কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) | ২০৭১৩.০০ | ২১৮৫৪.৫৯<br>১০৫.৫১% | |

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৫০<br>(১৯টি ওপি + ৩১টি প্রকল্প ) | মোটঃ ৮২৬১.৪১<br>জিওবিঃ ৫৯১১.০২<br>পিএঃ ২৩৫০.৩৯ | * মোটঃ ৭৩৩৩.৪৬<br>(৮৮.৭৭%)<br>জিওবিঃ ৫১৭২.১১ (৮৭.৫০%)<br>পিএঃ ২১৬১.৩৫ (৯১.৯৬%) | ৭ |

* ব্যয়ের খসড়া হিসাব দেয়া হলো। মাঠ পর্যায় থেকে সকল ব্যয়ের তথ্য চূড়ান্তভাবে পাওয়া গেলে পরবর্তীতে চূড়ান্ত হিসাব দেয়া হবে।

**১৫.২ প্রকল্পের অবস্থা (০১ লা জুলাই, ২০১৮ হতে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত)**

| শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| স্বাস্থ্য সেবা বিভাগ ৩টি<br><br>১. এস্টাবলিশমেন্ট অব ৫০০ বেড হসপিটাল এন্ড এনসিলারি ভবন ইন যশোর, কক্সবাজার, পাবনা ও আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ এবং জননেতা নুরুল হক আধুনিক হাসপাতাল, নোয়াখালী<br><br>২. বঙ্গবন্ধু মেডিকেল কলেজ ও হাসপাতাল, সুনামগঞ্জ স্থাপন<br><br>৩. স্কেলিং আপ এন ইন্টিগ্রেটেড ইন্টারভেনশন প্যাকেজ টু রিডিউস ম্যাটারনাল এন্ড নিউনেটাল মরবিডিটি এন্ড মরটালিটি ইন রুরাল বাংলাদেশ | ১. ২৫০ শয্যাবিশিষ্ট জাতীয় চক্ষু বিজ্ঞান ইন্সটিটিউট ও হাসপাতাল স্থাপন প্রকল্প (২য় সংশোধিত)<br><br>২. ৫০ শয্যাবিশিষ্ট জাতীয় ক্যান্সার ইন্সটিটিউট ও হাসপাতালকে ৩০০ শয্যায় উন্নীতকরণ প্রকল্প (২য় সংশোধিত)<br><br>৩. এ্যাস্টাবলিসমেন্ট অব ট্রমা সেন্টার এ্যাট গোপালগঞ্জ (১ম সংশোধিত)<br><br>৪. এ্যাস্টাবলিসমেন্ট অব নার্সিং ইনস্টিটিউট অব পাবনা<br><br>৫. ইস্টাবলিশমেন্ট অফ ন্যাশনাল ইনস্টিটিউট অফ এ্যাডভান্সড প্র্যাকটিস নার্সেস ইন বাংলাদেশ (১ম সংশোধিত)<br><br>৬. এক্সপানশন এন্ড | - | ১. শেখ হাসিনা জাতীয় বার্ণ ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট এর ভবন নির্মাণ<br>২. জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুর্নবাসন প্রতিষ্ঠান (নিটোর) এর হাসপাতাল ভবন নির্মাণ |

| | | | |
|---|---|---|---|
| | কোয়ালিটি ইমপ্রুভড অব নার্সিং এডুকেশন (১ম সংশোধিত) | | |
| স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ৯৬ টি (সংযুক্ত-পরিশিষ্ট-ক) | (সংযুক্ত-পরিশিষ্ট-খ) | (সংযুক্ত-পরিশিষ্ট-গ) | - |

(২০) স্বাস্থ্য-সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জন্য)

২০.২ স্বাস্থ্য সংক্রান্ত ঃ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| জন্মহার (প্রতি হাজারে) | মৃত্যুহার (প্রতি হাজারে) | জনসংখ্যা বৃদ্ধি হার (শতকরা) | নবজাতক (Infant) মৃত্যুর হার (প্রতি হাজারে) | ৫(পাঁচ) বছর বয়স পর্যন্ত শিশু মৃত্যুর হার (প্রতি হাজারে) | মাতৃ মৃত্যুর হার (প্রতি হাজারে) | পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের শতকরা হার (সক্ষম দম্পতি) | গড় আয়ু (বছর) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | পুরুষ | মহিলা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১৮.৫ | ৫.১ | ১.৩৭ | ২৪ | ৩১ | ১.৭২ | ৬২.৫ | ৭০.৬ | ৭৩.৫ | ৭২ |

**Source :** SVRS-Sample Vital Registrat on System 2017 (Si. No. 1,2,3,4,5,7,8,9,10)

২০.৩ স্বাস্থ্য সেবায় ব্যয় ও অবকাঠামো সংক্রান্ত (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| মাথাপিছু স্বাস্থ্য ব্যয় (টাকায়) | সারাদেশে হাসপাতালের সংখ্যা | | | সারাদেশে হাসপাতাল বেডের মোট সংখ্যা | | | সারাদেশে রেজিষ্টার্ড ডাক্তার, নার্স, প্যারামেডিকস-এর সংখ্যা | | | সারাদেশে রেজিষ্টার্ড ডাক্তার, নার্স, প্যারামেডিকস-এর বিপরীতে জনসংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সরকারী | বেসরকারী | মোট | সরকারী | বেসরকারী | মোট | ডাক্তার | নার্স | প্যারামেডিকস | ডাক্তার | নার্স | প্যারামেডিকস |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ৩১০৮ টাকা। **(US$ 37)** | ৬১২ | ৫০৫৪ | ৫৬৬৬ | ৫২৮০৭ | ৯০৫৮৭ | ১৪৩৩৯৪ | ১০২৯২৭ | ৫৬৭৩৪ | ৩৩৯৬৫ (রেজিষ্টার্ড প্যারামেডিকস ১২৩১৪) | ১:১৫৮১ | ১:২৮৬৮ | ১:৪৭৯০ |

**Source : WHO 2017.** 1 US$ = 84 taka.

বিঃ দ্রঃ রেজিষ্টার্ড প্যারামেডিকস ফার্মাসিষ্ট ১২৩১৪, রেজিষ্টার্ড করা হয় না এমন প্যারামেডিকস (মেডিকেল টেকনোলজিষ্ট: ল্যাব/রেডিওগ্রাফী/রেডিওথেরাপী/পিজিওথেরাপী/ডেন্টাল) এর সংখ্যা ২১৬৫১।

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে)

| মন্ত্রণালয়/বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | | পূর্ববর্তী বছর | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষটাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় | ১ | ডিমান্ডসাইডফাই নান্সিং (ডিএসএফ) মাতৃ স্বাস্থ্য ভাউচার স্কীম | ২০১৮-১৯ অর্থবছরের জুলাই, ২০১৮ থেকেজুন, ২০১৯ পর্যন্ত ৮০,০৪৩ জন হত দরিদ্র মায়েদের এএনসি- ১, ২ ও ৩, | ১৭৪২.০০ | ২০১৭-১৮ অর্থবছরে ৭১,৬৯৫ জন হতদরিদ্র মায়েদের এএনসি- ১, ২ ও ৩, নিরাপদ প্রসব সেবা (স্বাভাবিক প্রসব, সিজারিয়ান প্রসব) এবংপিএনসি সেবা প্রদান | ২২৩৩.২১ |

| মন্ত্রণালয়/বিভাগ | ক্রমিক | কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | | পূর্ববর্তী বছর | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | সংশ্লেষ (লক্ষটাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | নিরাপদ প্রসব সেবা (স্বাভাবিক প্রসব, সিজারিয়ান প্রসব ও প্রসবজনিত জটিলতার সেবা) এবং পিএনসি সেবা প্রদান করা হয়েছে। | | করা হয়েছে। | |
| | ২ | ডিমান্ড সাইড ফাইনান্সিং (DSF) (হতদরিদ্র সুবিধাবঞ্চিত ছানী রোগী অপারেশন কার্যক্রম) | ১৬৫২ জন | ৪৯.৫৬ | ১৭০০ জন | ৫১.০০ |
| | ৩ | ভিটামিন 'এ' ঘাটতি জনিত সমস্যাসমূহ নিয়ন্ত্রন | ৪২,৮৯১,৪২১ জন | ২৮২০.১১ | ৪১,৬৫০,২১৭ | ২০১০.৫০ |
| | ৪ | আয়রনের ঘাটতিজনিত রক্ত স্বল্পতা নিয়ন্ত্রন ও প্রতিরোধ | ৯,৪২২,০৯৭ জন | ১৮১.২০ | ১০,৩১৪,১৫২ | ১৫৭.১৩ |
| | ৫ | মারাত্মক তীব্র অপুষ্টি এবং মাঝারী তীব্র অপুষ্টির কমিউনিটি ও হাসপাতাল ভিত্তিক ব্যবস্থাপনা | ৩৩৫ টিSAMইউনিটস্থাপন | ২১১.৫ | ৩০০ টিSAMইউনিটস্থাপন | ২০.৫০ |
| | ৬ | হাসপাতালসমূহ পর্যায়ক্রমে শিশুবান্ধব করা | ৯০৭টি হাসপাতাল | ১৮৩.৭০ | ৭৮৮টি হাসপাতাল | ১১১.৫০ |
| | ৭ | স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় টাঙ্গাইল জেলার কালিহাতি, ঘাটাইল ও মধুপুর উপজেলায় সুবিধাভোগী পরিবারের সংখ্যা৮১,৬১৫টি। সকল পরিবারকে ৭৮ টি নির্দিষ্ট রোগের চিকিৎসা বিনামূল্যে প্রদান করা হয়ে থাকে। | ৩৯১.২৪ | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় টাঙ্গাইল জেলার কালিহাতি, ঘাটাইল ও মধুপুর উপজেলায় সুবিধাভোগী পরিবারের সংখ্যা৭৩,৮৩০ টি। সকল পরিবারকে ৫০ টি নির্দিষ্ট রোগের চিকিৎসা বিনামূল্যে প্রদান করা হয়েথাকে। | ২১৭.৬১ |
| | ৮ | কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল | • সুবিধাভোগীর সংখ্যাঃ ২০১৮-১৯ অর্থবছরে (জুলাই/১৮ হতে জুন/১৯) মোট ১১.২২ | ৯৫৫২৩.৪৫ লক্ষটাকা | • সুবিধাভোগীর সংখ্যাঃ ২০১৭-১৮ অর্থবছরে (জুলাই/১৭ হতেজুন/১৮) মোট ১২.২৭ কোটির অধিক ভিজিটের | ৭১৮৪৪.৭৮ লক্ষটাকা |

| মন্ত্রণালয়/বিভাগ | ক্রমিক | কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০১৮-২০১৯) | | পূর্ববর্তী বছর | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | সংশ্লিষ্ট (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | সংশ্লিষ্ট (লক্ষটাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | প্লানের আওতায় প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান | কোটির অধিক ভিজিটের মাধ্যমে গ্রামীন জনগণ কমিউনিটি ক্লিনিক হতে সেবা গ্রহণ করেছেন এবং এর মধ্যে ৩.৮৩ কোটির অধিক জরুরী ও জটিল রোগীকে উচ্চতর পর্যায়ে রেফার করা হয়েছে।<br>• ২০১৮-১৯ অর্থবছরে (জুলাই/১৮ হতে জুন/১৯) কমিউনিটি ক্লিনিকে মোট ১৬৩৯০টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। | | মাধ্যমে গ্রামীন জনগণ কমিউনিটি ক্লিনিক হতে সেবা গ্রহণ করেছেন এবং এর মধ্যে ১.৬১ কোটির অধিক জরুরী ও জটিল রোগীকে উচ্চতর পর্যায়ে রেফার করা হয়েছে।<br>• ২০১৭-১৮ অর্থবছরে (জুলাই/১৭ হতে জুন/১৮) কমিউনিটি ক্লিনিকে মোট ১৮৭৫৮ টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। | |

২৪.২ মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যে সব (বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০১৭-১৮ অর্থ-বছরে লাভ করেছে তাদের নাম ও লাভের পরিমাণ

| প্রতিষ্ঠানের নাম | লাভের পরিমাণ |
|---|---|
| ১ | ২ |
| এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিঃ | আনুমানিক ২০.৫১ কোটি টাকা (অনিরীক্ষিত) |

(মো: আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়